

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 30.09.2024

Time: 7-35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১/ সুপ্রিম কোর্টে আজ RG Kar মামলার শুনানি। এর প্রাক্কালে গত সন্ধ্যায় কলকাতা সহ রাজ্যের বিভিন্ন অংশে ন্যায় বিচারের দাবীতে পথে নামেন মেডিক্যাল কলেজগুলির জুনিয়ার ডাক্তাররা।
- ২/ স্বাস্থ্য কর্মীদের আক্রান্ত হওয়ার প্রতিবাদে সাগর দত্ত হাসপাতালে জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতি চলছে।
- ৩/ অন্য রাজ্য থেকে ছাড়া জলে বাংলাকে ভাসতে হয় বলে মুখ্যমন্ত্রী খেদ ব্যক্ত করেছেন। উত্তরবঙ্গ থেকে আজই কলকাতায় ফিরছেন তিনি।
- ৪/ উত্তরবঙ্গে আপাতত ভারী বৃষ্টির সতর্কতা নেই।
দক্ষিণবঙ্গের কিছু জায়গায় বিক্ষিণ্ণ বৃষ্টির সম্ভাবনা।

সুপ্রিম কোর্টে আজ স্বতঃপ্রগোদ্ধিত RG Kar মামলার ফের শুনানি হবে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে তিনি বিচারপতির বেঞ্চে এই মামলার শুনানির দিকে তাকিয়ে সব পক্ষ।

এর প্রাক্কালে গত সন্ধ্যায় কলকাতা সহ রাজ্যের বিভিন্ন অংশে মেডিক্যাল কলেজগুলির জুনিয়ার ডাক্তাররা অভয়ার জন্য ন্যায় বিচারের দাবীতে মশাল,

মোমবাতি, প্ল্যাকার্ড হাতে পথে নামেন। তাঁদের মিছিলে সামিল হন বহু সাধারণ মানুষ।

সুপ্রিম কোর্টে ১৭ই সেপ্টেম্বরের শেষ শুনানিতে তদন্তের অগ্রগতি নিয়ে CBI-এর রিপোর্টে উদ্বেগ প্রকাশ করে প্রধান বিচারপতি বলেছিলেন, তিনি বিচলিত।

জুনিয়ার ডাক্তাররা কর্ম বিরতি চালিয়ে যাওয়ায় ওই শুনানিতে রাজ্যের তরফে প্রবীন আইনজীবী কপিল সিবল কাজে ফেরার সময়সীমা নির্দিষ্ট করে দেবার আবেদন জানান। জুনিয়ার ডাক্তারদের তরফে আইনজীবী ইন্দিরা জয় সিং নিরাপত্তার অভাবের বিষয়টি জোরালোভাবে তুলে ধরলে প্রধান বিচারপতি, তাঁদের আস্থা অর্জনে রাজ্য সরকারকে প্রয়োজনীয় পদক্ষেপ করতে বলেন।

এই শুনানির পর মুখ্যসচিবের সঙ্গে জুনিয়ার ডাক্তারদের বৈঠকের ভিত্তিতে স্বাস্থ্য দপ্তরের জন্য ১০ দফা নির্দেশিকা জারি করে রাজ্য সরকার। ২১শে সেপ্টেম্বর কর্ম বিরতি আংশিক তুলে নিয়ে জুনিয়ার ডাক্তাররা জরুরী বিভাগে কাজে যোগ দেন।

শীর্ষ আদালতে আজ তদন্তের তৃতীয় স্টেটাস রিপোর্ট জমা দেবে সি বি আই।

এদিকে, আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে গতকাল সেখানে যান কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা।

রোগী মৃত্যুর জেরে পরিবারের হাতে ডাক্তার ও নার্সদের আক্রান্ত হওয়ার প্রতিবাদে উত্তর ২৪ পরগণার কামারহাটি সাগর দপ্ত মেডিক্যাল কলেজ হাসপাতালে জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতি চলছে।

শুক্রবারের ওই ঘটনার পর হাসপাতালের নিরাপত্তা অনেকটাই বাঢ়ানো হয়েছে। একজন অফিসার ও চারজন কনস্টেবল ২৪ ঘন্টা এমার্জেন্সি বিভাগের সামনে মোতায়েন থাকবেন। সব মিলিয়ে এখন নিরাপত্তার দায়িত্বে রয়েছেন ৪৪ জন পুলিশ কর্মী।

এদিন জুনিয়ার ডাক্তারদের প্রতি সমমর্মিতা জানাতে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষর সরকার ও দলের নেতা কর্মীরা সাগর দত্ত হাসপাতালে গেলে বিক্ষোভ মধ্যে ধর্নায় বসা চিকিৎসকরা প্রতিবাদ জানান। তাঁরা বলেন, অরাজনৈতিক এই মধ্যে কোনো রাজনৈতিক ব্যক্তির উপস্থিতি কাম্য নয়। ‘গো ব্যাক’ স্নেগান’ও দেওয়া হয় তাঁদের উদ্দেশে।

সন্ধ্যায় সাগর দত্ত হাসপাতালের জুনিয়ার চিকিৎসকরা ডানলপ মোড় পর্যন্ত মশাল মিছিল বের করেন।

মিছিলকারী এক জুনিয়ার ডাক্তার জানান- (বাইট- জুনিয়ার ডাক্তার)

আরজি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ খুনের ঘটনায় ন্যায়বিচার চেয়ে এবার পথে নামলেন অবসরপ্রাপ্ত পুলিশকর্মীরা ও তাঁদের পরিবার। গতকাল হাওড়ার শিবপুরের কাজিপাড়া থেকে হাওড়া ময়দান পর্যন্ত নাগরিক সমাজের মৌন মিছিলে তাঁরা পা মেলান। প্রতিবাদীদের মিথ্যা মামলায় না জড়ানোর এবং পুলিশি ব্যবস্থায় বেশ কিছু পরিবর্তনের দাবিও তোলা হয় অবসরপ্রাপ্ত পুলিশকর্মীদের তরফে। তাঁদেরই একজন নয়ন কুন্ডু।

(বাইট- প্রাক্তন পুলিশ)

আর জি কর কাণ নিয়ে প্রতিবাদ আন্দোলনের মধ্যেই চিকিৎসায় গাফিলতিতে প্রসৃতি মৃত্যুর অভিযোগ দায়ের হলো দুর্গাপুরের একটি বেসরকারী হাসপাতালের বিরুদ্ধে। প্রসবের সময় মৃত্যুর কেটে ফেলায় তাঁর মৃত্যু হয় বলে অভিযোগ। এই ঘটনাকে কেন্দ্র করে শোভাপুরের ঐ বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালে শনিবার রাতে তুমুল উত্তোজনা ছড়ায়। মৃতার পরিবার-পরিজনেররা হাসপাতালের মূল প্রবেশদ্বার বন্ধ করে বিক্ষোভ দেখান। দুর্গাপুর থানার বিশাল পুলিশ বাহিনী এবং কমব্যাট ফোর্স গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

জানা গেছে, বছর ২৮ এর ইসরাত জাহান ২০ তারিখ সন্তান প্রসবের জন্য হাসপাতালে ভর্তি হন। ২১ তারিখ তাঁর অস্ত্রোপচার করা হয়। পরিবারের অভিযোগ, তখনই ভুল করে ইসরাতের মৃত্যুলি কেটে ফেলেন চিকিৎসকরা। ফলে সন্তান সুস্থ থাকলেও প্রসূতির শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। তারপর থেকেই নানা টালবাহানা করতে থাকে হাসপাতাল কর্তৃপক্ষ। কিডনি ফেল করার এবং সুগার, প্রেসার বেড়ে যাওয়ার অজুহাত দিতে থাকে। শনিবার সন্ধ্যায় জানানো হয় ইসরাতের মৃত্যু হয়েছে।

তাঁর আরো দুটি সন্তান রয়েছে। তাদের ভবিষ্যতের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণের দাবিতে বিক্ষোভ দেখান মৃতার পরিবার-পরিজন এবং এলাকাবাসীরা।

অন্য রাজ্য থেকে ছাড়া জলে বাংলাকে ভাসতে হয় বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি খেদ ব্যক্ত করেছে। শিলিঙ্গড়ির উত্তরকণ্যায় গতকাল এক প্রশাসনিক বৈঠকে উত্তরবঙ্গের বন্যা এবং পাহাড়ে ধস জনিত পরিস্থিতি খতিয়ে দেখার পর আবারো কেন্দ্রের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ডিভিসি যদি জলাধারগুলিতে ড্রেজিং করতো, তাহলে জল ধারণ ক্ষমতা বাড়তো। এরাজ্যের জেলাগুলিকে বন্যায় ভাসতে হতো না। প্রশাসনকে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ও পুনর্বাসন এবং বন্যা দুর্গতদের সবরকম সাহায্যের নির্দেশ দিয়ে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, কেন্দ্রের কাছ থেকে বন্যা ত্রাণ বাবদ কোনো সাহায্য পশ্চিমবঙ্গ পায়না।

(বাইট- মমতা বন্যা)

মুর্শিদাবাদের ফারাক্কা ব্যারেজ থেকে গতকাল সাড়ে বারো লক্ষ কিউসেক হারে জল ছাড়া হয়েছে। বর্ষার মরসুমে যা স্বাভাবিক বলে দাবি করেছেন ব্যারাজ কর্তৃপক্ষ। তবে আজ সন্ধ্যায় জল ছাড়ার পরিমাণ বাড়ানো হতে পারে।

এর প্রেক্ষিতে সামশেরগঞ্জ, সুতি-১, রানীনগর, লালগোলা প্রভৃতি এলাকায় নদী তীরবর্তী এলাকার বাসিন্দাদের সরে যাবার জন্য গতকালই মাইকে প্রচার শুরু

হয়েছে। প্রশাসন সবরকম ভাবে তৈরি আছে বলে জানিয়েছেন মুর্শিদাবাদের জেলা শাসক রাজষ্ণী মিত্র।

মুখ্যমন্ত্রীর উত্তরবঙ্গ সফরের মধ্যেই আজ পাহাড়ে ১২ ঘণ্টার বন্ধের ডাক দিয়েছে চা বাগান শ্রমিক সংগঠনগুলির যৌথ মঞ্চ। পুজোর আগে ২০ শতাংশ বোনাসের দাবিতে বন্ধ দেকেছে তারা। জিটিএ-র মুখ্য কার্যনির্বাহী অনীত থাপার দল জানিয়েছে, তারা বন্ধের বিরোধিতা বা সমর্থন কোনওটাই করছে না। শ্রমিকদের পাশে রয়েছে তারা। পাহাড়ের চা বাগান শ্রমিকদের বোনাস নিয়ে গতকাল চতুর্থ ত্রিপাক্ষিক বৈঠকও ভেস্টে যায়। ট্রেড ইউনিয়নগুলি ২০ শতাংশ বোনাসের দাবিতে অনড় থাকে। কিন্তু মালিকপক্ষ জানিয়ে দেয়, ১৩ শতাংশের বেশি বোনাস দেওয়া সম্ভব নয়। বৈঠক ভেস্টে যাওয়ার পরেই দাগাপুরে শ্রমিক ভবনের বাইরে বিক্ষোভ শুরু করেন সংগঠনের সদস্যেরা। আটটি সংগঠন যৌথ ভাবে সোমবার ১২ ঘণ্টা বন্ধের ডাক দেয়। সমস্যা মেটাতে এবার ‘টি এডভাইসারি কমিটি’ এবং রাজ্য শ্রম দফতরকে পদক্ষেপ করেত হবে বলে জানা গিয়েছে।

আগামীকাল থেকে দুর্গা পুজোর উদ্বোধন শুরু করতে চলেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তার আগে, যেসব পুজোর তিনি উদ্বোধন করবেন, সেইসব জেলার পুলিশ সুপার ও পুলিশ কমিশনারদের সঙ্গে আলোচনার ভিত্তিতেই তার তালিকা তৈরি করতে হবে বলে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। চূড়ান্ত তালিকা তৈরীর ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলের প্রবীণ জনপ্রতিনিধিদের সঙ্গেও কথা বলতে হবে। মহালয়ার দিন মুখ্যমন্ত্রী রাজ্যজুড়ে প্রায় এক হাজার দুর্গাপুজোর ভারুয়ালি উদ্বোধন করবেন বলে ঠিক হয়েছে।

স্বচ্ছতাই সেবা অভিযানের অঙ্গ হিসেবে আজ শুনবেন
আকাশবাণী কলকাতার সংবাদ প্রযোজিত বিশেষ আলোচনা ‘মানসিকতায়
পরিচ্ছন্নতা’। শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ এবং DTH বাংলায়।

এতে অংশ নিয়েছেন পূর্ব রেল ও কলকাতা মেট্রো রেলের মুখ্য জন্য সংযোগ আধিকারিক কৌশিক মিত্র এবং আয়কর দপ্তর ধানবাদের যুগ্ম কমিশনার দেবাশীষ বিশ্বাস। সপ্তাহনায় কল্যাণ লাহা।

উত্তরবঙ্গে চলতে থাকা ভারী বৃষ্টি কিছুটা কমেছে। আলিপুরের আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন-

(বাইট- সৌরিশ)

পরিবার খুনের অভিযোগ করায় পূর্ব বর্ধমানের পূর্বস্থলী ১ নম্বর ব্লকের নাদনঘাট পঞ্চায়েতের বড়তেক এলাকায় এক গৃহবধূর দেহ কবর থেকে তুলে ময়নাতদন্তের জন্য পাঠালো নাদনঘাট থানার পুলিশ। মেমারির সিদ্ধান্তিয়া গ্রামের বাসিন্দা, শবনম খাতুন নামে ঐ তরঙ্গীর সঙ্গে বছর চারেক আগে বড়তেকের ফিরোজ উদ্দিন মোল্লার বিয়ের পর থেকেই শবনমের ওপর শুণ্ডরবাড়ির লোকজন অত্যাচার চালাতো বলে অভিযোগ। মৃতার পরিবার জানিয়েছে, ২৩ শে সেপ্টেম্বর তাদের ফোন করে জানানো হয়, ফ্যান চালাতে গিয়ে শবনম তড়িদাহত হয়েছে। প্রথমে মন্তেশ্বর হাসপাতাল, তারপর বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার সময় পথেই তার মৃত্যু হয়। এরপর মৃতদেহের ময়নাতদন্ত না করে গ্রামে ফিরিয়ে এনে কবর দেওয়া হয়। শবনমের বাপের বাড়ির লোকজনের সন্দেহ, তাকে খুন করা হয়েছে। থানায় অভিযোগ দায়ের হলে গতকাল ময়নাতদন্তের জন্য কবর থেকে দেহ তুলে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়।
